গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ৪২.০০.০০০০.০৩৩.১৬.০০১.২২.২২০

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১
২৯ মে ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির (অনুচ্ছেদ ১.১অনুযায়ী) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) সভা আহবান প্রসঙ্গে।**

পানি সম্পদ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগদকরণ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ক কমিটির আহবায়ক জনাব মোহাম্মদ হাবীবুর রহমান যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে আগামী ০৩/০৬/২০২৪ তারিখ: ১১.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং ৪০৬, ৫ম তলা) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসুচি:

১। অনুচ্ছেদ ১.১ এর সূচক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।

২৯-৫-২০২৪
মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৭২৩৫
ইমেইল: audit@mowr.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৫) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
৬) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অদ্য ০৩/০৬/২০২৪ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির (অনুচ্ছেদ ১.১ অনুযায়ী) আহ্বায়ক যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এ মন্ত্রণালয়ের ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:-

ক্রমিক নং	সদস্য/কর্মকর্তার নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	ফোন নম্বর/মোবাইল	স্বাক্ষর
১।				
২।				
৩।				
৪।				
৫।				
৬।				
৭।				
৮।				
৯।				
১০।				
১১।				
১২।				

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
অডিট শাখা

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির (অনুচ্ছেদ ১.১ অনুযায়ী) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৪) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ হাবীবুর রহমান যুগ্মসচিব (প্রশাসন)
সভার তারিখ	০৩ জুন ২০২৪ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জবাব মোঃ দেলোয়ার হোসেন জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবার আবেদন ফরম অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবার জন্য প্রয়োজনীয় আবেদন ফরমেট/প্রস্তাবের ফরমেট লিংকসহ সংযুক্তকরণ, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম পদবি, যোগাযোগ নম্বরসহ সংশ্লিষ্ট সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি জানান, নির্দেশিকা মোতাবেক ইতোমধ্যে মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংশোধন/হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি, আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এর (Screenshot) নিয়ে নথিতে সংরক্ষণ করতে বলেন।

০২। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির প্রমাণকসহ প্রতিবেদন ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ হাবীবুর রহমান
যুগ্মসচিব (প্রশাসন)

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৩.১৬.০০১.২২.২৩১

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১
০৯ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) যুগ্মসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপ-সচিব, সুশাসন অধিশাখা,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) উপসচিব, প্রশাসন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) সহকারী সচিব (প্রশাসন-৩ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব